# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৯৪১

৯/ হাজ্জ (হজ্জ) (كتاب الحج عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ রমাযানে উমরা পালন করা।

باب مَا جَاءَ فِي عُمْرَةِ رَمَضَانَ

আরবী

حَدَّثَنَا نَصْرُ بْنُ عَلِيٍّ، حَدَّثَنَا أَبُو أَحْمَدَ الزُّبَيْرِيُّ، حَدَّثَنَا إِسْرَائِيلُ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنِ الأَسْوَدِ بْنِ يَزِيدَ، عَنِ ابْنِ أُمِّ مَعْقِلٍ، عَنْ أُمِّ مَعْقِلٍ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " عُمْرَةٌ فِي رَمَضَانَ تَعْدِلُ حَجَّةً " . وَفِي الْبَابِ عَنِ ابْنِ عَبَّاسٍ وَجَابِرٍ وَأَبِي هُرَيْرَةَ وَأَنَسٍ وَوَهْبِ بْنِ خَنْبَشٍ . قَالَ أَبُو عِيسَى وَيُقَالُ هَرِمُ بْنُ خَنْبَشٍ . قَالَ بَيَانٌ وَجَابِرٌ عَنِ الشَّعْبِيِّ عَنْ وَهْبِ بْنِ خَنْبَشٍ . وَقَالَ دَاوُدُ الأَوْدِيُّ عَنِ الشَّعْبِيِّ عَنْ هَرِمِ بْنِ خَنْبَشٍ . وَوَهْبٌ أَصَحُّ . وَحَدِيثُ أُمِّ مَعْقِلٍ حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ مِنْ هَذَا الْوَجْهِ . وَقَالَ أَحْمَدُ وَإِسْحَاقُ قَدْ ثَبَتَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّ عُمْرَةً فِي رَمَضَانَ تَعْدِلُ حَجَّةً . قَالَ إِسْحَاقُ مَعْنَى هَذَا الْحَدِيثِ مِثْلُ مَا رُوِيَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهُ قَالَ " مَنْ قَرَأَ : ( قُلْ هُوَ اللَّهُ أَحَدٌ ) فَقَدْ قَرَأَ ثُلُثَ الْقُرْآنِ " .

বাংলা

৯৪১. নাসর ইবনু আলী (রহঃ) ...... উম্মু মা’কিল (রাঃ) সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত তিনি বলেন, রমযান মাসে উমরা করা হজ্জের সমতুল্য। - ইবনু মাজাহ ২৯৯৩, তিরমিজী হাদিস নম্বরঃ ৯৩৯ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে ইবনু আব্বাস জাবির, আবূ হুরায়রা, আনাস ওয়াহব ইবনু খানাশ (রাঃ) থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, বলা হয় ইনি হলেন হারিম ইবনু খাম্বাশ। বায়ান ও জাবির (রহঃ) তাঁদের সনদে শা’বী ওয়াহব ইবনু খাম্বাশরূপে উল্লেখ করেছেন। দাঊদ আওদী তাঁর সনদে শা’বী হারাম ইবনুখাম্বাশরূপে উল্লেখ করেছেন। কিন্তু ওয়াহহাবই হল অধিকতর সহিহ। এই সুত্রে উম্মু মা’কিল বর্ণিত হাদিসটি হলো হাসান- গারীব। আহমদ ও ইসহাক (রহঃ) বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে প্রামণিত ভাবে আছে যে, তিনি বলেছেন, রামাযান মাসের উমরা হজ্জের সমতুল্য। ইসহাক বলেন এ হাদীছের মর্ম হলো সূরা ইখলাস রাসূল

সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত হাদিসটির মর্মের অনুরূপ। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত আছে। যে, ব্যক্তি ’’কুল হুয়াল্লাহু আহাদ তিলাওয়াত করল সে যেন কুরআন মাজীদের এক- তৃতীয়াংশ তিলায়াত করল।

## English

Umm Ma'qil narrated that:
The Prophet said: "Umrah during Ramadan is equal to Hajj."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ উম্মু মা'কিল (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=18130

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন